ঈদেও খোলা থাকবে বিএসএমএমইউ’র করোনা পরীক্ষার ল্যাব

ঈদেও খোলা থাকবে বিএসএমএমইউ’র করোনা পরীক্ষার ল্যাব পবিত্র শবে কদর ও ঈদুল ফিতর উপলক্ষে ছুটির দিনগুলোতেও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) কর্তৃপক্ষের উদ্যোগে বেতার ভবনে স্থাপিত ফিভার ক্লিনিক ও করোনাভাইরাস (কোভিড-১৯) শনাক্তকরণ পিসিআর ল্যাবরেটরি খোলা থাকবে।

শবে কদর উপলক্ষে আগামীকাল ২১ মে এবং পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে আগামী ২৪, ২৫ ও ২৬ মে সাধারণ ছুটি থাকছে।

কর্তৃপক্ষ জানিয়েছে, এই ছুটির দিনগুলোতে ফিভার ক্লিনিক ও করোনাভাইরাস শনাক্তকরণ ল্যাবরেটরির পাশাপাশি বিএসএমএমইউ হাসপাতালের অন্তঃবিভাগ ও জরুরি বিভাগ প্রচলিত নিয়মে খোলা থাকবে।

এদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের উদ্যোগে বেতার ভবনের স্থাপিত ফিভার ক্লিনিকে রোগীর সংখ্যা ও পিসিআর ল্যাবরেটরিতে করোনাভাইরাস শনাক্তের জন্য স্যাম্পল সংগ্রহের সংখ্যা ১১ হাজার ছাড়িয়েছে।

গত ২১ মার্চ চালু হওয়া ফিভার ক্লিনিকে এ পর্যন্ত ১১ হাজার ২৮০ রোগীকে চিকিৎসাসেবা দেয়া হয়েছে। এর মধ্যে আজ এদিকে বুধবার বিএসএমএমইউ তে সেবা দেয়া হয় ৩০০ জনকে।

আর গত ১ এপ্রিল একই ভবনের দ্বিতীয় তলায় স্থাপিত হওয়া করোনাভাইরাস টেস্টিং ল্যাবরেটরিতে এ পর্যন্ত ১১ হাজার ১২৪ জন রোগীর নমুনা সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে আজ বুধবার সংগ্রহ হয়েছে ৩৪৮টি নমুনা।